

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩৩৪৮  
আগরতলা, ১৩ অক্টোবর, ২০২৩

রাজ্যে আন্তর্জাতিক বিপর্যয় প্রশমন দিবস পালন



রাজ্যে আজ বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে আন্তর্জাতিক বিপর্যয় প্রশমন দিবস পালন করা হয়েছে। এ উপলক্ষে জনসচেতনতা বাড়ানোর জন্য রাজ্যের জেলা ও মহকুমাগুলিতে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়। পাশাপাশি বিপর্যয়ের হাত থেকে সম্পত্তি ও জীবন বাঁচানোর উপর মহড়ারও আয়োজন করা হয়।

আজ সচিবালয়েও আন্তর্জাতিক বিপর্যয় প্রশমন দিবস পালন করা হয়েছে। এ উপলক্ষে এনডিআরএফ ও ফায়ার সার্ভিসের জওয়ানগণ বিপর্যয় মোকাবিলার উপর মহড়া প্রদর্শন করেন। তাছাড়াও রাজস্ব দপ্তরের সচিব পুনীত আগরওয়াল সচিবালয়ের বিভিন্ন স্তরের কর্মচারীদের দুর্যোগ মোকাবিলার শপথ বাক্য পাঠ করান। অনুষ্ঠানে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের সচিব অপূর্ব রায়, পরিকল্পনা ও সমন্বয় দপ্তরের বিশেষ সচিব অভিষেক চন্দ্রা, সাধারণ প্রশাসনের (সচিবালয় প্রশাসন) সচিব ড. দেবাশিস বসু, পর্যটন দপ্তরের সচিব উত্তম কুমার চাকমা, জনজাতি কল্যাণ দপ্তরের সচিব এল টি দার্লং, ডিজাস্টার ম্যানেজমেন্টের স্টেট প্রজেক্ট অফিসার শরৎ দাস প্রমুখ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*